

## “প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২১” নিম্নরূপ বাস্তবায়িত হয়েছে :

- (ক) “প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২১” ৫/৬/২০২১ইং তারিখে উপজেলা ক্যাম্পাস, সীতাকুণ্ড, চট্টগ্রাম এ অনুষ্ঠিত হয়েছে।
- (খ) “প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২১” এ মোট প্রদর্শিত স্টলের সংখ্যা ছিল ৪৩। প্রাণিসম্পদ উন্নয়নের সাথে সম্পর্কিত বিভিন্ন প্রাণি, টিকা ও ঔষধ সামগ্ৰী, প্রাণিজাত পণ্য উৎপাদন ও সংরক্ষণ পদ্ধতি, মোড়কসহ প্রাণিজাত পণ্য বাজারজাতকরণ প্রযুক্তিসমূহ প্রদর্শিত হয়েছিল, যা উৎপাদনকারী, পণ্য বাজারজাতকারী এবং ভোক্তাসাধারণকে উৎসাহিত করেছিল।
- (গ) প্রদর্শনীতে এলাকা ভিত্তিক উন্নত জাতের গাভী, বাচুর, ঘাড়, মহিষ, ছাগল, ভেড়া, মুরগী, হাঁস এবং প্রাণিসম্পদের বিভিন্ন প্রযুক্তি প্রদর্শন করা হয়েছিল।
- (ঘ) “প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২১” উপলক্ষ্যে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা করা হয়েছে। স্থানীয় পত্রিকা, মাইক, পোস্টার, লিফলেট, ইত্যাদির মাধ্যমে জনসাধারণকে অংশগ্রহনের জন্য উৎসাহিত করা হয়েছে। যার ফলশ্রুতিতে ব্যাপক পরিমাণ জনসাধারণ প্রদর্শনীতে অংশগ্রহণ করেছিল।
- (ঙ) প্রত্যেক ক্যাটগরীতে ১ম, ২য়, ৩য় পুরস্কার এবং সনদপত্র প্রদান করা হয়েছে। এছাড়াও সমগ্র প্রদর্শনীর জন্য প্রত্যেক অংশগ্রহনকারীগনের ০১ টি বিশেষ পুরস্কার ব্যবস্থা করা হয়েছে এবং সনদপত্র প্রদান করা হয়েছিল।
- (চ) “প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২১” উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আলহাজ্ব দিদারুল আলম, মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম ৪ এবং বিশেষ অতিথি হিসেবে জনাব এস এম আল মামুন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সীতাকুণ্ড, চট্টগ্রাম উপসভ্বত্ব ছিলেন। জনাব মিল্টন রায়, উপজেলা নির্বাচনী অফিসার, সীতাকুণ্ড, চট্টগ্রাম অনুষ্ঠানে সভাপতিত্ব করেছিলেন।
- (ছ) “প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২১” স্টলগুলো দৃষ্টিনন্দন করার জন্য সম্মুখ ভাগে কাপড়ের বালরসহ প্রতিটি স্টলের ক্রমিক নং এর ব্যবস্থা করা হয়েছিল এবং প্রাণির বিবরণ ও মালিকের তথ্য সম্বলিত সাইনবোর্ড টাঙ্গানোর ব্যবস্থা রাখা হয়েছিল। স্টলের আকার ছিল : সম্মুখ- ৮ ফুট, সামনে পেছনে-১০ ফুট।
- (জ) পুরস্কার প্রদানের জন্য বিজয়ী অংশগ্রহনকারী নির্বাচনের লক্ষ্য ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছিল।
- (ঝ) পরামর্শ/অভিযোগ গ্রহণের জন্য দৃশ্যমান স্থানে স্বচ্ছ কাঁচের তৈরি বাক্স স্থাপন করা হয়েছিল।

### আলোচনাঃ

প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের আওতায় “প্রাণিসম্পদ প্রদর্শনী/২০২১” এ নির্দিষ্ট সংখ্যক খামারী নির্বাচন প্রসঙ্গে সভাপতি বলেন যে, খামারী নির্বাচনের ক্ষেত্রে পরিপূর্ণ স্বচ্ছতা বজায় ছিল। খামারী নির্বাচনের ক্ষেত্রে ইউনিয়ন চেয়ারম্যানদের সাহায্য নেওয়া হয়েছিল এবং উপজেলা ডেইরি এসোসিয়েশনের নেতৃত্বের সাথে আলোচনা করে ডেইরি খামারী নির্বাচন করা হয়েছিল।

